"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# পরিক্রমা

জানুয়ারি - মার্চ, ২০২১




অর্থনীতির অগ্রযাত্রায় স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

# পরিক্রমা

জানুয়ারি - মার্চ, ২০২১




## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন


**সিকিউরিটিজ কমিশন ভবন**

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: http://www.secbd.org, http://www.sec.gov.bd, http://www.এসইসিবিডি.বাংলা

E-mail: info@sec.gov.bd

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | ০৪ |
| ২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ | ০৫ |
| ৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ ও কমিশন সচিব | ০৬ |
| ৪ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম: | ০৭ |
| | ক) "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ (এপিএ)" | ০৭ |
| | খ) "মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ ও বিএসইসি'র ভূমিকা" | ০৮ |
| | গ) বিএসইসি কর্তৃক দুবাইয়ে আয়োজিত "দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়ালস অব বাংলাদেশ ক্যাপিটাল মার্কেটস" শীর্ষক রোড-শো | ০৯ |
| | ঘ) আইপিও আবেদনের জন্য ইস্যু ম্যানেজারের ভূমিকা সম্পর্কিত সেমিনার | ১১ |
| | ঙ) পুঁজিবাজার সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিবৃন্দদের সাথে বিএসইসি'র মত বিনিময় | ১১ |
| ৫ | ক্যাপিটাল ইস্যু | ১২ |
| ৬ | এনফোর্সমেন্ট | ১৫ |
| ৭ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স | ১৬ |
| ৮ | নিবন্ধন | ১৮ |
| ৯ | কর্পোরেট ফাইন্যান্স | ২০ |
| ১০ | মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স | ২৩ |
| ১১ | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি | ২৬ |
| ১২ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ | ৩২ |
| ১৩ | আইন | ৩৪ |
| ১৪ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ | ৩৫ |
| ১৫ | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | ৪০ |
| ১৬ | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস | ৪১ |
| ১৭ | গবেষণা ও উন্নয়ন | ৪৩ |
| ১৮ | আন্তর্জাতিক সম্পর্ক | ৪৪ |
| ১৯ | ফাইন্যান্সিয়াল লিটারেসি | ৪৪ |
| ২০ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিসটিকস | ৪৫ |
| ২১ | প্রেস রিলিজ | ৪৬ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ -এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ৮ জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হলো সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াবলি বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন জনাব খোন্দকার কামালউজ্জামান, ড. শেখ শামসুদ্দিন আহমেদ, ড. মিজানুর রহমান ও জনাব মোঃ আবদুল হালিম।

পুঁজিবাজারের সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commissions (IOSCO) কমিশনকে ‘A’ ক্যাটাগরিতে উন্নীত করে।

## ১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



**অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম**
চেয়ারম্যান



**জনাব খোন্দকার কামালউজ্জামান**
কমিশনার



**ড. শেখ শামসুদ্দিন আহমেদ**
কমিশনার



**ড. মিজানুর রহমান**
কমিশনার



**জনাব মোঃ আবদুল হালিম**
কমিশনার

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ

| ক্রমিক নং | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় প্রধান |
|---|---|---|
| ১ | ড. এটিএম তারিকুজ্জামান | বর্তমানে লিয়েনে নিউজিল্যান্ড -এ অবস্থান করছেন |
| ২ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | কর্পোরেট ফাইন্যান্স, এসআরআই এবং সিডিএস |
| ৩ | জনাব মোঃ সাইফুর রহমান | এসআরএমআইসি, এনফোর্সমেন্ট, এপিএ, এসডিজি, ইনোভেশন এবং প্রকল্প পরিচালক |
| ৪ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | এমআইএস এবং গবেষণা ও উন্নয়ন |
| ৫ | জনাব এম হাছান মাহমুদ | নিবন্ধন এবং অভ্যন্তরীণ নিরীক্ষা |
| ৬ | জনাব মোঃ মাহবুবুল আলম | প্রশাসন ও অর্থ, আন্তর্জাতিক সম্পর্ক এবং ফাইন্যান্সিয়াল লিটারেসি |
| ৭ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | আইন এবং সিএমআরআরসি |
| ৮* | জনাব কামরুল আনাম খান | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি, অফিস অব দি চিফ একাউন্ট্যান্ট এবং এএমএলসিএফটি উইং |
| ৯* | জনাব মোহাম্মদ রেজাউল করিম | ক্যাপিটাল ইস্যু, মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স এবং কমিশনের মুখপাত্র |

* চলতি দায়িত্ব

## ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ ও কমিশন সচিব

| ক্রমিক নং | নাম | বিভাগের নাম |
|---|---|---|
| ১ | জনাব মোহাম্মদ শফিউল আজম | এসআরআই এবং সিডিএস |
| ২ | জনাব রিপন কুমার দেবনাথ | কর্পোরেট ফাইন্যান্স এবং গবেষণা ও উন্নয়ন |
| ৩ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | অর্থ |
| ৪ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | এনফোর্সমেন্ট |
| ৫ | জনাব মোঃ মাহমুদুল হক | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ৬ | জনাব প্রদীপ কুমার বসাক | নিবন্ধন |
| ৭ | জনাব রাজিব আহমেদ | এমআইএস |
| ৮ | জনাব মোঃ আবুল কালাম | সিএমআরআরসি এবং এএমএলসিএফটি উইং |
| ৯ | জনাব মোঃ মনসুর রহমান | ক্যাপিটাল ইস্যু |
| ১০ | জনাব মোহাম্মদ আবুল হাসান | এসআরএমআইসি |
| ১১ | জনাব শেখ মাহবুব উর রহমান | মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স |
| ১২ | মিসেস ফারহানা ফারুকী | প্রশাসন এবং আন্তর্জাতিক সম্পর্ক |
| ১৩ | জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | ফাইন্যান্সিয়াল লিটারেসি এবং কমিশন সচিবালয় |
| ১৪ | জনাব মোহম্মদ ফখরুল ইসলাম মজুমদার | ক্যাপিটাল ইস্যু |
| ১৫ | জনাব এ.এস.এম মাহমুদুল হাসান | আইন |

## ৪. পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম

### ক) "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ (এপিএ)":

কমিশনের সার্বিক কার্যক্রম পদ্ধতি নির্ভর হতে ফলাফল নির্ভর করা এবং এর পাশাপাশি এ পদ্ধতির মাধ্যমে সার্বিক কর্মসম্পাদনের নিরপেক্ষ ও নৈর্ব্যক্তিক মূল্যায়ন করা তথা সার্বিকভাবে কমিশনের সকল কার্যক্রমে অধিকতর গতিশীল করার লক্ষ্যে ৩১ জানুয়ারি, ২০২১ তারিখে চেয়ারম্যান ও সকল নির্বাহী পরিচালকের মধ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১' স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষরের মাধ্যমে কমিশনের সার্বিক কর্মসম্পাদনে নিরপেক্ষ নৈর্ব্যক্তিক বা সংখ্যাভিত্তিক মূল্যায়ন সম্ভবপর হবে। ফলে কমিশনের বার্ষিক কর্মসম্পাদন অধিকতর গতিশীল, স্বচ্ছ ও জবাবদিহিতাপূর্ণ হবে।

কমিশনের সভাকক্ষে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। উক্ত অনুষ্ঠানে সকল কমিশনার, সকল নির্বাহী পরিচালক ও এপিএ (Annual Performance Agreement) টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন।

উক্ত চুক্তিতে কমিশনের বিভিন্ন বিভাগের ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা, কর্মসম্পাদনসূচক ইত্যাদি নির্ধারণ করা হয়। এছাড়াও এপিএটিতে উল্লেখিত কৌশলগত ও আবশ্যিক উদ্দেশ্যসমূহ অর্জনপূর্বক কমিশনের রূপকল্প "স্বয়ংক্রিয়, টেকসই ও উন্নত পুঁজিবাজার" বাস্তবায়নে সার্বিক অগ্রগতি নিয়মিত পর্যবেক্ষণ করে মূল্যায়নপূর্বক কমিশনের সার্বিক কর্মদক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।



বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং সকল নির্বাহী পরিচালকের মধ্যে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১' স্বাক্ষর অনুষ্ঠান, তারিখঃ ৩১ জানুয়ারি ২০২১, সিকিউরিটিজ কমিশন ভবন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

## খ) "মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ ও বিএসইসি'র ভূমিকা":

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ০২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে কমিশনের মাল্টিপারপাস হলে "মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ভূমিকা" শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে।

উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং কমিশনারবৃন্দ। সেমিনারে সভাপতিত্ব করেন কমিশনের কমিশনার ড. মিজানুর রহমান। সেমিনারে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) -এর ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব এ. কে. এম. রমিজুল ইসলাম মূল প্রবন্ধ উপস্থাপন করেন। কমিশনের সহকারী পরিচালক ও তদূর্ধ্ব গ্রেডের সকল কর্মচারী সেমিনারে অংশগ্রহণ করেন।




০২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধক বিষয়ক সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সিকিউরিটিজ কমিশন ভবন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।




০২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে বিএসইসি'র কমিশনার ড. মিজানুর রহমান 'মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ভূমিকা' শীর্ষক সেমিনারে সভাপতি হিসাবে বক্তব্য রাখেন। সিকিউরিটিজ কমিশন ভবন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

## গ) বিএসইসি কর্তৃক দুবাই -এ আয়োজিত "দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়ালস অব বাংলাদেশ ক্যাপিটাল মার্কেটস" শীর্ষক রোড-শো:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন দুবাই-এ ৩-৯ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীদের (এনআরবি) জন্য এবং বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ করতে "দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়ালস অব বাংলাদেশ ক্যাপিটাল মার্কেটস" শীর্ষক রোড-শো'য়ের আয়োজন করে।

রোড-শো'টির সভাপতিত্ব করেন বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। তিনি তাঁর বক্তব্যে বাংলাদেশের পুঁজিবাজারের অমিত সম্ভাবনার বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন। এক্ষেত্রে আইপিও, বন্ড, মিউচ্যুয়াল ফান্ডসহ প্রাইমারি ও সেকেন্ডারি মার্কেটের সম্ভাবনার কথা উল্লেখ করেন। এছাড়াও অন্যান্যের মধ্যে ব্যাংকিং খাতে দীর্ঘকাল ধরে বিদ্যমান ম্যাচিউরিটি মিসম্যাচ সমস্যা সমাধানের জন্য দীর্ঘমেয়াদি তহবিল সংগ্রহের লক্ষ্যে পুঁজিবাজারের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন। তিনি বাজারের ঝুঁকিপূর্ণ প্রকৃতির উপর জোর দেন এবং পুঁজিবাজার থেকে টেকসই রিটার্নের জন্য গবেষণা এবং পেশাদার বিনিয়োগ পদ্ধতির মাধ্যমে পরিশীলিত ঝুঁকি গ্রহণের উপর গুরুত্ব দেন। তিনি বাংলাদেশের উন্নয়নে অবদানের জন্য প্রবাসী বাংলাদেশীদের (এনআরবি) ধন্যবাদ জানান। তিনি বাংলাদেশের বর্তমান নেতৃত্বের প্রশংসা করেন এবং উপস্থিত সকল অতিথিবৃন্দকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় ভূমিমন্ত্রী জনাব সাইফুজ্জামান চৌধুরী, এমপি। তিনি পুঁজিবাজারের বিষয়ে তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতা তুলে ধরেন এবং যথাযথ গবেষণা ও শৃঙ্খলাবদ্ধ বিনিয়োগ পদ্ধতির প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। তিনি বর্তমান কমিশনের নেতৃত্বের প্রশংসা করেন এবং তাদের বিভিন্ন নতুন উদ্যোগের জন্য ধন্যবাদ জানান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি। তিনি অন্যান্যের মধ্যে অর্থনৈতিক প্রবৃদ্ধি পুনরুদ্ধারে করোনা মহামারীকালীন সময়ে প্রচুর রেমিট্যান্স দেশে পাঠানোর জন্য প্রবাসী বাংলাদেশীদের ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে বিএসইসি'র কমিশনার জনাব খোন্দকার কামালউজ্জামানসহ কমিশনের উচ্চপদস্থ কর্মকর্তা, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেডের পরিচালক, ইউসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড ও ইউসিবি ইনভেস্টমেন্ট লিমিটেডের ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ এবং দেশি-বিদেশি সাংবাদিক, বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ দুবাইয়ের বিভিন্ন সংগঠনের বিশিষ্ট ব্যক্তিবর্গ রোড-শো'তে উপস্থিত ছিলেন।









বিএসইসি কর্তৃক দুবাই -এ ৩-৯ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীদের (এনআরবি) জন্য এবং বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ করতে 'দ্য রাইজ অব বেঙ্গল টাইগার: পটেনশিয়ালস অব বাংলাদেশ ক্যাপিটাল মার্কেটস' শীর্ষক রোড-শো'র আয়োজন।

## ঘ) আইপিও আবেদনের বিষয়ে ইস্যু ম্যানেজারের ভূমিকা সম্পর্কিত সেমিনার:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ক্যাপিটাল ইস্যু বিভাগের উদ্যোগে ০৮ মার্চ, ২০২১ তারিখে সিকিউরিটিজ কমিশন ভবনের মাল্টিপারপাস হলে Seminar on the "Role of Issue Managers for IPO Application" শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সম্মানিত কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমেদ। তিনি বলেন, পুঁজিবাজারকে শক্তিশালী করার জন্য ভাল সিকিউরিটিজের তথা ভাল মৌল ভিত্তিসম্পন্ন কোম্পানির কোন বিকল্প নেই। আর পুঁজিবাজারে মৌল ভিত্তিসম্পন্ন কোম্পানিকে অন্তর্ভুক্ত করার জন্য ইস্যু ব্যবস্থাপককে অন্যতম ভূমিকা পালন করতে হবে। তিনি আরো বলেন, ইস্যু ব্যবস্থাপক শুধুমাত্র আইনগত বাধ্যবাধকতার জন্য ডিউ ডিলিজেন্স দিবেন আর ফিজিক্যাল ভেরিফিকেশন রিপোর্ট প্রদান করবেন তা কিন্তু নয়, ইস্যু ব্যবস্থাপককে অবশ্যই পুঁজিবাজারের উন্নয়নে পুঁজিবাজারের সক্রিয় অংশীজন হিসেবে তার যথাযথ দায়িত্ব পালন এবং আস্থা সৃষ্টি করতে হবে। তিনি সবাইকে এই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

অনুষ্ঠানে বিভিন্ন মার্চেন্ট ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসারসহ প্রায় ১২০ জন উপস্থিত ছিলেন এবং তাদের মূল্যবান মতামত প্রদান করেন।

## ঙ) পুঁজিবাজার সম্পর্কিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিবৃন্দদের সাথে বিএসইসি'র মতবিনিময়:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধিবৃন্দদের মধ্যে ১৫ মার্চ ২০২১ তারিখে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম -এর সভাপতিত্বে কমিশনের সভাকক্ষে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পুঁজিবাজারের উন্নয়নে উভয় প্রতিষ্ঠানের মধ্যে কার্যকর সমন্বয়সহ পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত কোন বিষয়ে পদক্ষেপ গ্রহণের পূর্বে আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ এবং অন্যান্য বিষয়ে ফলপ্রসু আলোচনা হয়েছে।

ব্যাংকসমূহের লভ্যাংশ প্রদানের সর্বোচ্চ সীমা বৃদ্ধি, নগদ লভ্যাংশ প্রদানের সর্বোচ্চ সীমার অতিরিক্ত বোনাস শেয়ার ঘোষণা সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের স্পষ্টীকরণ, তফসিলি ব্যাংকগুলোর ২০০ (দুইশত) কোটি টাকার বিশেষ তহবিল পুঁজিবাজারে বিনিয়োগ উৎসাহিত করার বিষয়ে উদ্যোগ গ্রহণ, উক্ত তহবিল মিউচ্যুয়াল ফান্ড (এসপিএফ), এসপিভিসহ অন্যান্য ফিক্সড ইনকাম সিকিউরিটিজ যেমন-সুকুক, কর্পোরেট বন্ড, গ্রীন বন্ড ইত্যাদিতে বিনিয়োগের সুযোগ সৃষ্টি, সরকারি ট্রেজারি বিল ও বন্ড স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত করার মাধ্যমে সকল স্তরে বিনিয়োগকারীদের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে উভয় সংস্থার যৌথভাবে কাজ করা, পুঁজিবাজারের তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহের লভ্যাংশ প্রদানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কর প্রদান সংক্রান্ত জারিকৃত সার্কুলারের কার্যকারিতা বাতিলের আবেদন, Tier-1 Additional Capital হিসাবে ব্যাংকের মাধ্যমে ইস্যুকৃত Perpetual Bond স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির মাধ্যমে দ্রুত লেনদেনের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ইত্যাদি বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও বাংলাদেশ ব্যাংকের মধ্যে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়।

# ৫. ক্যাপিটাল ইস্যু

## প্রাথমিক গণপ্রস্তাব (আইপিও)

জানুয়ারি - মার্চ, ২০২১ সময়কালে কমিশন পুঁজিবাজারে ৩টি কোম্পানিকে আইপিও (Initial Public Offer) -এর মাধ্যমে জনসাধারণের নিকট থেকে ১৮৬.০০ কোটি টাকা পুঁজি উত্তোলনের জন্য প্রসপেক্টাস ইস্যুর সম্মতি প্রদান করেছে।

## মূলধন উত্তোলন

- পাবলিক লিমিটেড কোম্পানি

পাবলিক লিমিটেড কোম্পানির মূলধন বৃদ্ধির জন্য কমিশন জানুয়ারি - মার্চ, ২০২১ইং সময়কালে Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 -এর অধীনে ২টি পাবলিক লিমিটেড কোম্পানিকে বন্ড ইস্যুর মাধ্যমে ১,১০০.০০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য সম্মতি প্রদান করেছে যার বিভাজন নিম্নে প্রদান করা হলো:

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানি/ইস্যুয়ারের সংখ্যা | মোট মূলধন (কোটি টাকা) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সাধারণ শেয়ার | - | - |
| পারপিচ্যুয়াল বন্ড | ১ | ৬০০.০০ |
| ডিবেঞ্চার | - | - |
| কনভার্টিবল প্রেফারেন্স শেয়ার | - | - |
| সাবঅর্ডিনেটেড বন্ড | - | - |
| রিডিমএ্যাবল প্রেফারেন্স শেয়ার | - | - |
| জিরো কুপন বন্ড | ১ | ৫০০.০০ |
| বন্ড | - | - |
| **মোট** | ২ | ১,১০০.০০ |

- প্রাইভেট লিমিটেড কোম্পানি ও অন্যান্য প্রতিষ্ঠান

জানুয়ারি - মার্চ, ২০২১ সময়কালে কমিশন প্রাইভেট লিমিটেড কোম্পানি ও অন্যান্য প্রতিষ্ঠানের মূলধন বৃদ্ধির জন্য Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 -এর অধীনে ১টি প্রতিষ্ঠানকে বন্ড ইস্যুর মাধ্যমে ১,৩৫০.০০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য সম্মতি প্রদান করেছে যার বিভাজন নিম্নে প্রদান করা হলো:

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানি/ইস্যুয়ারের সংখ্যা | মোট মূলধন (কোটি টাকা) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| সাধারণ শেয়ার | - | - |
| ডিবেঞ্চার | - | - |
| কনভার্টিবল প্রেফারেন্স শেয়ার | - | |
| সাবঅর্ডিনেটেড বন্ড | - | - |
| রিডিমএ্যাবল প্রেফারেন্স শেয়ার | - | - |
| জিরো কুপন বন্ড | ১ | ১,৩৫০.০০ |
| বন্ড | - | - |
| **মোট** | **১** | **১,৩৫০.০০** |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক ইস্যু) রুলস, ২০১৫ -এর অধীনে জানুয়ারি - মার্চ, ২০২১ সময়কালে কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের অনুমোদনপ্রাপ্ত কোম্পানির বিবরণ:

| ক্র. নং | কোম্পানির নাম | সম্মতিপত্র প্রদানের তারিখ | মূলধন (প্রাথমিক গণপ্রস্তাব পূর্ব) টাকা | ইস্যু মূল্য (টাকা) | ইস্যুকৃত শেয়ারের সংখ্যা | আইপিও টাকা (প্রিমিয়ামসহ যদি থাকে) টাকা | মূলধন উত্তোলন (প্রাথমিক গণপ্রস্তাব উত্তর) টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড | ০৪/০১/২১ | ৫৮২,৫১,৬৯,৯৮০ | ১০ | ১২,০০,০০,০০০ | ১২০,০০,০০,০০০ | ৭০২,৫১,৬৯,৯৮০ |
| ২ | দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিঃ | ১৩/০১/২১ | ২৪,০০,০০,০০০ | ১০ | ১,৬০,০০,০০০ | ১৬,০০,০০,০০০ | ৪০,০০,০০,০০০ |
| ৩ | ইনডেক্স এগ্রো ইন্ডাস্ট্রিজ লিঃ | ২০/০১/২১ | ৩৯,০০,০০,০০০ | ৬২.০০ (কাট অব) ৫০.০০ (পাবলিক অফার) | ৮২,৫৩,৬৪৯ | ৫০,০০,০০,০০০ | ৮৯,০০,০০,০০০ |
| | | | | | মোট | **১৮৬,০০,০০,০০০** | |

জানুয়ারি - মার্চ, ২০২১ সময়কালে যে সকল কোম্পানিকে বন্ড ও ডিবেঞ্চারের মাধ্যমে মূলধন উত্তোলনের অনুমোদন  দেয়া হয়েছে তার তালিকা নিম্নরূপঃ

| ক্র. নং | কোম্পানির নাম | বিবরণ | অনুমোদনের তারিখ | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | আইডিএলসি ফাইন্যান্স লিঃ | আনসিকিউরড, নন-কনভার্টিবল, জিরো কুপন বন্ড টাকা ৫,০০০,০০০,০০০/- | ১৩.০১.২০২১ | ৫,০০০,০০০,০০০ |
| ২ | ব্র্যাক | আনসিকিউরড, নন-কনভার্টিবল, সম্পূর্ণ রিডিমএ্যাবল, জিরো কুপন বন্ড টাকা ১৩,৫০০,০০০,০০০/- | ০৭.০৩.২০২১ | ১৩,৫০০,০০০,০০০ |
| ৩ | এক্সিম ব্যাংক লিমিটেড | আনসিকিউরড, কন্টিনজেন্ট-কনভার্টিবল, এক্সিম ব্যাংক মুদারাবা পারপিচ্যুয়াল বন্ড টাকা ৬,০০০,০০০,০০০/- | ২১.০৩.২০২১ | ৬,০০০,০০০,০০০ |
| | | | **মোট** | **২৪,৫০০,০০০,০০০** |

## ৬. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/তদন্ত প্রতিবেদনে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্নপূর্বক কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক জানুয়ারি - মার্চ, ২০২১ সময়ে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ নিম্নে উপস্থাপন করা হলো:

| ক্রমিক নং | বিবরণ | জরিমানা | সর্তকীকরণ | নিষ্পত্তিকরণ | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ১৫ | ৭ | ০ | ২২ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার/ অনুমোদিত প্রতিনিধি | ৭ | ৪৬ | ৪ | ৫৭ |
| ৩ | মার্চেন্ট ব্যাংক/এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি | ০ | ১৩ | ২ | ১৫ |
| ৪ | চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস | ০ | ০ | ০ | ০ |
| ৫ | বিনিয়োগকারী | ১৮ | ১৬ | ০ | ৩৪ |
| ৬ | স্টক এক্সচেঞ্জ | ০ | ০ | ০ | ০ |
| ৭ | অন্যান্য | ০ | ৩ | ০ | ৩ |
| | **সর্বমোট** | ৪০ | ৮৫ | ৬ | ১৩১ |

## ৭. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স

জানুয়ারি - মার্চ, ২০২১ সময়ে সিএমআরআরসি বিভাগ কর্তৃক নিম্নোক্ত সংশোধনী/আদেশ/নির্দেশনা জারি হয়েছে:

| ক্র. নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার কর্তৃক প্রদত্ত মার্জিন ঋণের সুদ নির্ধারণ সংক্রান্ত আদেশ | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৮/০১ তারিখ ১৪ জানুয়ারি ২০২১ |
| ২ | স্টক ব্রোকার ও স্টক ডিলার কর্তৃক প্রদত্ত মার্জিন ঋণের সুদ নির্ধারণ সংক্রান্ত আদেশ | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৮/০২ তারিখ ১৪ জানুয়ারি ২০২১ |
| ৩ | লভ্যাংশ বিতরণ এবং অপরিশোধিত/ অদাবিকৃত লভ্যাংশ ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশনা | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৬/০৩ তারিখ ১৪ জানুয়ারি ২০২১ |
| ৪ | যোগ্য বিনিয়োগকারী (Eligible Investors) কর্তৃক বিডিং প্রাইস -এর যৌক্তিকতা প্রদান সংক্রান্ত নির্দেশনা | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৯/০৪ তারিখ ০১ ফেব্রুয়ারি ২০২১ |
| ৫ | ফ্লোর প্রাইস সমন্বয় সংক্রান্ত নির্দেশনা | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/০৫ তারিখ ০১ মার্চ ২০২১ |
| ৬ | আদেশ নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৮/০১ তারিখ ১৪ জানুয়ারি ২০২১-এর কার্যকারিতার তারিখ পুনঃনির্ধারণ সংক্রান্ত আদেশ | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৮/০৬ তারিখ ০৭ মার্চ ২০২১ |
| ৭ | নির্দেশনা নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৮/০২ তারিখ ১৪ জানুয়ারি ২০২১-এর কার্যকারিতার তারিখ পুনঃনির্ধারণ সংক্রান্ত নির্দেশনা | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৮/০৭ তারিখ ০৭ মার্চ ২০২১ |
| ৮ | হাইব্রিড সিস্টেমে সাধারণ সভা (এজিএম অথবা ইজিএম) অনুষ্ঠান সংক্রান্ত কতিপয় নির্দেশনা প্রদান | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/০৮ তারিখ ১০ মার্চ ২০২১ |
| ৯ | তালিকাভুক্ত কোম্পানির পরিচালকদের প্রোফাইল প্রকাশ (disclose) করার বিষয়ে ইস্যুয়ার কোম্পানিকে শর্ত আরোপ | নোটিফিকেশন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/০৯/প্রশাসন/১১৭ তারিখ ২২ মার্চ ২০২১ |
| ১০ | সম্পৃক্ত/সহযোগী ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে লেনদেন বা চুক্তি সম্পাদন সংক্রান্ত বিষয়ে কতিপয় শর্ত আরোপ | নোটিফিকেশন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১০/প্রশাসন/১১৮ তারিখ ২২ মার্চ ২০২১ |
| ১১ | জেড ক্যাটাগরি কোম্পানি বা যে সকল কোম্পানি উহার শেয়ারের ৩০% ধারণ করতে পারছে না বা যে সকল কোম্পানি বিগত তিন বছর ঠিকমত ব্যবসা পরিচালনা করতে বা ডিভিডেন্ড দিতে পারছে না এরূপ কোম্পানিকে নিরপেক্ষ পরিচালক সংক্রান্ত কতিপয় নির্দেশনা প্রদান | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১১ তারিখ ২২ মার্চ ২০২১ |

| ক্র.নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১২ | যে সকল কোম্পানি ১০ মার্চ ২০২১ -এর পূর্বে সাধারণ সভা (এজিএম/ইজিএম) নির্ধারণ করেছে সে সকল কোম্পানিকে সাধারণ সভা অনুষ্ঠানের জন্য নির্দেশনা প্রদান | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১২ তারিখ ২৩ মার্চ ২০২১ |
| ১৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ডেট সিকিউরিটিজ) রুলস, ২০২১ গেজেটে প্রকাশের জন্য প্রেরণ | নোটিফিকেশন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২০-৩৭৩/১৩/প্রশাসন/১১৯ তারিখ ৩১ মার্চ ২০২১ |

# ৮. নিবন্ধন

নিবন্ধন বিভাগ জানুয়ারি - মার্চ, ২০২১ সময়ে নিম্নবর্ণিত নিবন্ধন সনদ ইস্যু ও নবায়ন কার্যাবলি সম্পাদন করেছে:

| ক্র. নং | ইস্যুকৃত সনদের ধরন | সংশ্লিষ্ট আইনের নাম | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | স্টক ডিলার/ স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকের শাখা অফিস খোলার অনুমোদন | স্টক ডিলার/ স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকের অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | স্টক ডিলার (ডিএসই) | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ | -- | ৯৬ | ০২ | |
| | স্টক ব্রোকার (ডিএসই) | -ঐ- | -- | ১০০ | | |
| ২ | স্টক ডিলার (সিএসই) | -ঐ- | -- | ২৫ | | |
| | স্টক ব্রোকার (সিএসই) | -ঐ- | -- | ২৮ | | |
| ৩ | অনুমোদিত প্রতিনিধি (ডিএসই) | -ঐ- | ৭৯ | ১৬৩ | | |
| ৪ | অনুমোদিত প্রতিনিধি (সিএসই) | -ঐ- | -- | ৭৯ | | |
| ৫ | মার্চেন্ট ব্যাংক | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ | -- | -- | | |
| ৬ | সম্পদ ব্যবস্থাপক | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ | -- | -- | | |
| ৭ | সিকিউরিটি কাস্টডিয়ান | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়ান সেবা) বিধিমালা, ২০০৩ | ০১ | -- | | |
| ৮ | ডিপজিটরি অংশগ্রহণকারী | ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ | ০১ | ১৯৭ | | |

| ক্র. নং | ইস্যুকৃত সনদের ধরন | সংশ্লিষ্ট আইনের নাম | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | স্টক ডিলার/ স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকের শাখা অফিস খোলার অনুমোদন | স্টক ডিলার/ স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকের অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৯ | ডেট সিকিউরিটিজ -এর জন্য ট্রাস্টি | Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 | ০৮ | -- | | |
| ১০ | ফান্ড ম্যানেজার | Bangladesh Securities and Commission Exchange (Alternative Investment) Rules, 2015 | ০১ | -- | | |
| ১১ | ট্রাস্টি (অলটারনেটিভ ইনভেস্টমেন্ট) ফান্ড | Bangladesh Securities and Commission Exchange (Alternative Investment) Rules, 2015 | ০১ | -- | | |
| ১২ | মিউচ্যুয়াল ফান্ড -এর কাস্টডিয়ান | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ | -- | -- | | |
| ১৩ | ট্রাস্টি (মিউচ্যুয়াল ফান্ড) | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ | -- | -- | | |
| ১৪ | ক্রেডিট রেটিং কোম্পানি | ক্রেডিট রেটিং কোম্পানিজ রুলস, ১৯৯৬ | ০১ | -- | | |
| ১৫ | ডিজিটাল বুথের অনুমোদন | ডিরেকটিভ -এর তারিখ ১৩ ডিসেম্বর ২০২০ | ০৪ | -- | | |
| ১৬ | ট্রাস্টি (সম্পদ ভিত্তিক সিকিউরিটিজ ইস্যু | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সম্পদভিত্তিক সিকিউরিটিজ ইস্যু) বিধিমালা, ২০০৪ | -- | -- | | |

## ৯. কর্পোরেট ফাইন্যান্স

কর্পোরেট ফাইন্যান্স বিভাগ জানুয়ারি - মার্চ, ২০২১ সময়ে নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করেছে:

| ক্র নং | সূচকসমূহ | প্রত্যাশিত | প্রকৃত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | **বাৎসরিক আর্থিক বিবরণী:** | | |
| | **দাখিলকরণ:** | | |
| ১.১ | কর্পোরেট বার্ষিক প্রতিবেদনসমূহের জমা | -- | -- |
| ১.২ | সময় বৃদ্ধি করা হয়েছে | -- | -- |
| ১.৩ | সময় বৃদ্ধি করা হয়নি | -- | -- |
| ১.৪ | যথাসময়ে দাখিল না করায় ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে | -- | -- |
| ১.৫ | স্বতন্ত্র বহিঃনিরীক্ষকদের আন-কোয়ালিফাইড অপিনিয়নের সংখ্যা | -- | -- |
| ১.৬ | স্বতন্ত্র বহিঃনিরীক্ষকের কোয়ালিফাইড অপিনিয়ন/এডভার্স অপিনিয়ন/ ডিসক্লেইমারের সংখ্যা | -- | -- |
| | **বিশ্লেষণ:** | -- | -- |
| ১.৭ | ব্যাখ্যা চাওয়া হয়েছে | -- | ২৬ |
| ১.৮ | সিকিউরিটিজ আইনের বিধানসমূহ পরিপালন না করায় ইস্যুয়ারের বিরুদ্ধেব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে | -- | -- |
| | | | |
| ২ | **প্রথম প্রান্তিক (Q1) আর্থিক বিবরণী:** | | |
| | **দাখিলকরণ:** | | |
| ২.১ | সময় বৃদ্ধি করা হয়েছে | -- | -- |
| ২.২ | সময় বৃদ্ধি করা হয়নি | -- | -- |
| ২.৩ | যথাসময়ে দাখিল না করায় ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে | -- | -- |
| ২.৪ | অন্তর্বর্তীকালীন (Q1) প্রতিবেদনসমূহের জমা | ৪৮ | ১৩ |
| | | | |
| ৩ | **দ্বিতীয় প্রান্তিক (Q2) আর্থিক বিবরণী:** | | |
| | **দাখিলকরণ:** | | |
| ৩.১ | সময় বৃদ্ধি করা হয়েছে | -- | -- |
| ৩.২ | সময় বৃদ্ধি করা হয়নি | -- | -- |

| ক্র নং | সূচকসমূহ | প্রত্যাশিত | প্রকৃত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩.৩ | যথাসময়ে দাখিল না করায় ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে | -- | -- |
| ৩.৪ | অন্তর্বর্তীকালীন (Q2) প্রতিবেদনসমূহের জমা | ২৫৩ | ২১৮ |
| | | | |
| ৪ | **তৃতীয় প্রান্তিক (Q3) আর্থিক বিবরণী:** | | |
| | **দাখিলকরণ:** | | |
| ৪.১ | সময় বৃদ্ধি করা হয়েছে | -- | -- |
| ৪.২ | সময় বৃদ্ধি করা হয়নি | -- | -- |
| ৪.৩ | যথাসময়ে দাখিল না করায় ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে | -- | -- |
| ৪.৪ | অন্তর্বর্তীকালীন (Q3) প্রতিবেদনসমূহের জমা | -- | -- |
| | | | |
| ৫ | **কর্পোরেট গভর্নেন্স:** | | |
| ৫.১ | স্বাধীন পরিচালক নিয়োগে সম্মতি দেয়া হয়েছে | -- | ০৭ |
| ৫.২ | স্বাধীন পরিচালক নিয়োগে সম্মতি দেয়া হয়নি | -- | ০৫ |
| ৫.৩ | ব্যাখ্যা চাওয়া হয়েছে | -- | ৩২৮ |
| ৫.৪ | কর্পোরেট গভর্নেন্সের নিরীক্ষা প্রতিবেদন জমা | -- | -- |
| ৫.৫ | স্বাধীন পরিচালকের মনোনয়ন কমিশন কর্তৃক অনুমোদিত | -- | ০৩ |
| ৫.৬ | স্বাধীন পরিচালকের মনোনয়ন কমিশন কর্তৃক প্রত্যাখ্যান | -- | ০৪ |
| | | | |
| ৬ | **আইপিও/আরপিও/আরআই তহবিলের ব্যবহার:** | | |
| ৬.১ | ব্যাখ্যা/প্রতিবেদনসমূহ গৃহীত হয়েছে | ২৮ | ২৮ |
| | | | |
| ৭ | **অনুসন্ধান/তদন্ত:** | | |
| ৭.১ | রেগুলেটরি তদন্ত এবং অনুসন্ধানের সংখ্যা * | -- | ০১ |
| | | | |

| ক্র নং | সূচকসমূহ | প্রত্যাশিত | প্রকৃত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৮ | **বিশেষ নিরীক্ষা:** | | |
| ৮.১ | বিশেষ নিরীক্ষক নিয়োগ দেওয়া হয়েছে ** | -- | ০৩ |
| ৮.২ | বিশেষ নিরীক্ষার সংখ্যা | -- | ০৪ |
| ৮.৩ | সিকিউরিটিজ আইনের বিধানসমূহ পরিপালন না করায় ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে | -- | ০১ |

**বি. দ্র.:**

* আমান ফিড লিঃ -এর অনুসন্ধান,

** রিংশাইন টেক্সটাইল লিঃ, আলিফ মেনুফ্যাকচারিং লিঃ এবং ডেল্টা লাইফ ইন্স্যুরেন্স লিঃ -এর বিশেষ নিরীক্ষা।

## ১০. মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স

### • মার্কেট সার্ভেইল্যান্স

বাজার তদারকি করার প্রাথমিক দায়িত্ব স্টক এক্সচেঞ্জের উপর ন্যস্ত করা হয়েছে। তবে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনও বাজারের গতিবিধি এবং প্রবণতার উপর সক্রিয় তদারকি করে। ব্যতিক্রম এবং আকস্মিক উদ্ভূত পরিস্থিতিতে একই বিষয় বিশ্লেষণ করে।

### • তাৎক্ষণিক পর্যবেক্ষণ ও তদারকি

প্রতিদিনের অনলাইন বাজার তদারকির অংশ হিসাবে, বাজারের অনিয়ম, সন্দেহজনক লেনদেন ও অসদাচরণ খুঁজে বের করার জন্য কমিশনের সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তারা সার্ভেইল্যান্স সিস্টেম "ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট" পর্যবেক্ষণ করেন এবং স্টক এক্সচেঞ্জের সার্বিক লেনদেন বিশ্লেষণ করেন। দিনশেষে বাজার পরিস্থিতি সংক্রান্ত একটি দৈনিক প্রতিবেদন প্রস্তুত করে কমিশনের চেয়ারম্যান, কমিশনারবৃন্দ এবং কমিশনের সংশ্লিষ্ট নির্বাহী পরিচালকের বরাবর দাখিল করা হয়।

### • বুদ্ধিদীপ্ত কার্যক্রম

কমিশনের সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তারা বাজারের অনিয়ম ও সন্দেহজনক লেনদেনের ৩৬০ ডিগ্রি পর্যবেক্ষণ ও গভীরতা বের করার জন্য "ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট" সিস্টেমের "বিজনেস ইন্টেলিজেন্স", স্টেকহোল্ডারদের ওয়েব সাইট, প্রাসঙ্গিক সংবাদ ও প্রতিবেদন পর্যবেক্ষণের মাধ্যমে বুদ্ধিদীপ্ত কার্যক্রম সম্পাদন করছে।

### • তদন্ত ও অনুসন্ধান:

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ত ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইনকানুনের প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন।

জানুয়ারি - মার্চ, ২০২১ সময়কালে বিএসইসি সাম্প্রতিক সময়ে অস্বাভাবিক মূল্য ও শেয়ার লেনদেনের সংখ্যা বৃদ্ধির কারণ, সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেন খতিয়ে দেখতে নিম্নবর্ণিত তদন্ত ও অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করেছে বা চলমান আছে;

| ক্র. নং | তদন্ত ও অনুসন্ধান | অবস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | এসএস স্টিল লিমিটেড | প্রতিবেদনটি দাখিল করা হয়েছে এবং প্রক্রিয়াধীন রয়েছে। |
| ২ | এসোসিয়েটেড অক্সিজেন লিমিটেড | প্রতিবেদনটি দাখিল করা হয়েছে এবং প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৩ | জেএমআই সিরিঞ্জ এবং মেডিকেল ডিভাইস লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৪ | ডমিনেজ স্টিল লিমিটেড | তদন্ত কমিটি কর্তৃক তদন্ত চলমান রয়েছে। |

জানুয়ারি - মার্চ, ২০২১ সময়কালে আইডিএলসি সিকিউরিটিজ লিমিটেডের আইপিও -এর মাধ্যমে সম্প্রতি তালিকাভুক্ত মীর আক্তার হোসেন লিমিটেড ও অন্যান্য শেয়ার ট্রেডিং -এর পরিদর্শনও সম্পন্ন হয়েছে।

ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) নিম্নলিখিত তদন্ত প্রতিবেদন কমিশনে দাখিল করেছে:

| ক্র. নং | তদন্ত প্রতিবেদন | অবস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | প্রভাতী ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ২ | নিটল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৩ | বাংলাদেশ এক্সপোর্ট ইমপোর্ট কোম্পানি লিমিটেড | প্রতিবেদনটি প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৪ | গ্লোবাল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | প্রতিবেদনটি প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৫ | রিপাবলিক ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | প্রতিবেদনটি প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৬ | ঢাকা ইন্স্যুরেন্স লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৭ | বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড | প্রতিবেদনটি প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৮ | সেন্ট্রাল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | প্রতিবেদনটি প্রক্রিয়াধীন রয়েছে। |
| ৯ | আইএফআইসি ব্যাংক লিমিটেড | প্রতিবেদনটি প্রক্রিয়াধীন রয়েছে। |
| ১০ | প্রাইম ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | প্রতিবেদনটি প্রক্রিয়াধীন রয়েছে। |
| ১১ | অগ্রণী ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | প্রতিবেদনটি প্রক্রিয়াধীন রয়েছে। |
| ১২ | রুপালী ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | প্রতিবেদনটি প্রক্রিয়াধীন রয়েছে। |

- ## স্টক এক্সচেঞ্জের সার্ভেইল্যান্স বিভাগ পরিদর্শন

বিএসইসি'র নির্দেশনা মোতাবেক জনবল ও সিস্টেম বিবেচনায় স্টক এক্সচেঞ্জের সার্ভেইল্যান্স বিভাগকে শক্তিশালী করা হয়েছে। বিএসইসি কর্তৃক জানুয়ারি - মার্চ, ২০২১ সময়কালে দুইটি স্টক এক্সচেঞ্জের সার্ভেইল্যান্স বিভাগ পরিদর্শন করা হয়েছে। স্টক এক্সচেঞ্জদ্বয়ের সার্ভেইল্যান্স বিভাগের কার্যক্রম উন্নয়নে ত্রুটি বিচ্যুতিসমূহ এবং দূরীকরণে তাদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে।

- স্টেকহোল্ডার ও নিয়ন্ত্রক সংস্থাগুলির মধ্যে সমন্বয় সভা

সিকিউরিটিজ বাজারে সুষ্ঠু লেনদেন ও বিনিয়োগকারীদের আস্থা তৈরির লক্ষ্যে বিএসইসি জানুয়ারি - মার্চ, ২০২১ সময়কালে স্টেক হোল্ডার অর্থাৎ ডিএসই, সিএসই, সিডিবিএল ও সিসিবিএল এবং অর্থ বাজারের নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ ব্যাংকের সাথে সার্ভেইল্যান্স এবং ইন্টেলিজেন্স সংক্রান্ত নিম্নলিখিত সমন্বয় সভার আয়োজন করে:

| ক্র.নং | তারিখ | সভার আলোচ্যসূচি | অংশগ্রহণকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ২৭.০১.২০২১ | পুঁজিবাজারের সার্বিক পরিস্থিতি পর্যালোচনা এবং মতবিনিময় | প্রধান নির্বাহী, ইনস্টিটিউশনাল ট্রেক হোল্ডার |
| ২ | ০৮.০২.২০২১ | বাংলাদেশের পুঁজিবাজারের সার্বিক অবস্থা | ডিএসই ব্রোকার এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) |
| ৩ | ০৯.০৩.২০২১ | পুঁজিবাজারের সার্বিক অবস্থা এবং সার্ভেইল্যান্স বিভাগের দায়িত্ব | সিআরও/সিটিও এবং ডিএসই, সিএসই, সিডিবিএল এবং সিসিবিএল -এ কর্মরত সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তাবৃন্দ |

# ১১. মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি

মিউচ্যুয়াল ফান্ড ও এসপিভি বিভাগ জানুয়ারি - মার্চ, ২০২১ সময়ে নিম্নলিখিত কার্যাবলি সম্পাদন করেছে:

## (১) মিউচ্যুয়াল ফান্ড অনুমোদন সংক্রান্ত কার্যক্রম:

| ক্র.নং | ফান্ডের নাম | ফান্ডের সংক্ষিপ্ত বিবরণী |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | আইসিবি এএমসিএল শতবর্ষ ইউনিট ফান্ড | প্রকৃতি: বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড। |
| | | ফান্ডের মেয়াদ ও আকার : বে-মেয়াদি। |
| | | উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক: ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) অ্যান্ড আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড। |
| | | ট্রাস্টি: আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড। |
| | | হেফাজতকারী: আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড। |
| | | ফান্ডের প্রাথমিক আকার: ২০.০০ কোটি টাকা।<br><br>উদ্যোক্তা প্রদান করেছে: ১৫.০০ কোটি টাকা।<br>সাধারণ বিনিয়োগকারীদের নিকট ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে: ৫.০০ কোটি টাকা। |
| | | অভিহিত মূল্য: ১০ টাকা প্রতি ইউনিটের মূল্য। |
| | | প্রসপেক্টাস অনুমোদনের তারিখ: ২৭.০১.২০২১। |

## (২) বিদ্যমান মিউচ্যুয়াল ফান্ডসমূহের সংক্ষিপ্ত চিত্র:

- বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড:

| ক্র.নং | ফান্ডের নাম | ফান্ডের আকার (কোটি টাকায়) | নিট সম্পদ মূল্য ক্রয় মূল্যে (কোটি টাকায়) ৩১/০৩/২১ মোতাবেক | নিট সম্পদ মূল্য বাজার মূল্যে (কোটি টাকায়) ৩১/০৩/২১ মোতাবেক |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | আইসিবি এএমসিএল পেনশন হোল্ডার ইউনিট ফান্ড | ৪৮.৭৪ | ৪৮.৭৪ | ৩৩.৪৯ |
| ২ | আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড | ৯১৮.৩৬ | ৯১৮.৩৬ | ৭৪৬.২৩ |
| ৩ | প্রাইম ফাইন্যান্সিয়াল ফার্স্ট ইউনিট ফান্ড | ৩৫.৪৩ | ৩৫.৪৩ | ২৩.৮৬ |
